**বাংলা প্রেসক্লাব মালয়েশিয়া**
**BANGLA PRESS CLUB MALAYSIA**

**স্মারক নং-বিপি: ০০০৫.০৩.২৫/০০৩** **তারিখ: ১১/০৩/২০২৫ইং**

**বরাবর,**
**মান্যবর হাইকমিশনার,**
বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর, মালয়েশিয়া।

**বিষয় : বিশেষ আলোচনা সভা, দোয়া ও ইফতার মাহফিল এবং কার্যনির্বাহী কমিটির আত্মপ্রকাশ অনুষ্ঠানে উপস্থিতির আবেদন।**

**মান্যবর,**
**বাংলা প্রেস ক্লাব মালয়েশিয়া'র** পক্ষ থেকে পবিত্র মাহে রমজানের শুভেচ্ছা গ্রহণ করবেন। অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী **রবিবার, ২১ মার্চ ২০২৫ ইং** তারিখে পবিত্র রমজান মাস উপলক্ষ্যে **বাংলা প্রেস ক্লাব মালয়েশিয়া'**র আয়োজনে **"দক্ষিণ এশিয়ার ভূরাজনৈতিক বাস্তবতায় বাংলাদেশ-মালয়েশিয়া সম্পর্ক"** শীর্ষক **আলোচনা সভা, ইফতার মাহফিল ও কার্যনির্বাহী কমিটির আত্মপ্রকাশ অনুষ্ঠান** আয়োজন করতে যাচ্ছে।

উক্ত অনুষ্ঠানে মালয়েশিয়ার **সাবেক স্বরাষ্ট্র ও পররাষ্ট্র মন্ত্রী 'তানশ্রী সৈয়দ হামিদ আলবার'** মহোদয় প্রাথমিকভাবে **প্রধান অতিথি** হিসেবে আসন গ্রহণ করার সম্মতি জ্ঞাপন করেছেন। একই সঙ্গে মালয়েশিয়ার বিভিন্ন বিশ্ববিদ্যালয় **বাংলাদেশী ছাত্র, শিক্ষক ও গবেষকগণ** অংশ নেবেন বলে আমরা আশা প্রকাশ করছি।

**অনুষ্ঠানের স্থান ও সময়:**
**স্থান : মোনাল রেস্টুরেন্ট, কুয়ালালামপুর, মালয়েশিয়া।**
**তারিখ : রবিবার, ২৩ মার্চ ২০২৫, স্থানীয় সময় : বিকাল ৫:৩০ মিনিট।**

অতএব, মান্যবর সমীপে আমাদের আকুল আবেদন, দক্ষিণ এশিয়ার ভূরাজনৈতিক বাস্তবতায় বাংলাদেশ-মালয়েশিয়া সম্পর্ক বিশেষ আলোচনা সভা, প্রবাসীদের কল্যাণে দোয়া ও ইফতার মাহফিল এবং বাংলা প্রেস ক্লাব মালয়েশিয়া'র (২০২৫-২০২৬) সেশনের কার্যনির্বাহী কমিটির আত্মপ্রকাশ অনুষ্ঠানে স্বশরীরে উপস্থিত থেকে মালয়েশিয়া প্রবাসী বাংলাদেশি সংবাদকর্মীদের অনুপ্রাণিত করতে আপনার একান্ত মর্জি হয়।

**ধন্যবাদান্তে,**

**বাংলা প্রেস ক্লাব, মালয়েশিয়া।**